যুগান্তর

তারিখ ... 07 ... 2018
পৃষ্ঠা ... কলাম ...

মাহবুবুর রহমান মাউশির ডিজি হচ্ছেন

যুগান্তর রিপোর্ট

শিক্ষা ক্যাডারের সপ্তম ব্যাচের কর্মকর্তা অধ্যাপক মাহবুবুর রহমান মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) নতুন মহাপরিচালক হচ্ছেন। কয়েক দিন আগে শিক্ষা মন্ত্রণালয় থেকে তিন কর্মকর্তার নাম প্রস্তাব করে প্রধানমন্ত্রী কার্যালয়ে একটি সারসংক্ষেপ পাঠানো হয়। এর মধ্যে মাহবুবুর রহমানকে মহাপরিচালক (ডিজি) হিসেবে নিয়োগের বিষয়টি প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল সূত্র এ তথ্য জানিয়েছে।

উচ্চ মাধ্যমিকে অনলাইনে ভর্তি পদ্ধতি কঠোরভাবে বাস্তবায়ন ও ভর্তিতে শৃঙ্খলা প্রতিষ্ঠা, পাবলিক পরীক্ষা পদ্ধতির সংস্কার, উত্তরপত্র মূল্যায়নে নতুন পদ্ধতি প্রবর্তন, ঢাকা বোর্ডে দুর্নীতিবিরোধী অভিযান পরিচালনায় অধ্যাপক মাহবুবুর রহমানের সুনাম আছে। মাউশি মহাপরিচালকের পদটি শিক্ষা ক্যাডারের সর্বোচ্চ পদ হিসেবে বিবেচিত। এ পদে সুদীর্ঘ দায়িত্ব পালন করেন শিক্ষা ক্যাডারের কর্মকর্তা অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান। আজ তার অবসরোত্তর ছুটি (পিআরএল) শুরু হচ্ছে। তবে শুক্র ও শনিবার ছুটির দিন থাকায় বৃহস্পতিবারই মাউশিতে শেষ কর্মদিবস কাটান তিনি। তিনি সংস্থার পরিচালক অধ্যাপক শামসুল হুদার কাছে দায়িত্বভার হস্তান্তর করে যান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	

কার্যার্থে/অবগত্যার্থে
ধারণ